

## আট হাজার প্রাথমিক শিক্ষক ছ'মাস ধরে বেতন পাচ্ছেন না

।। রুকুনউদৌলাহ ।।

যশোর, ১লা ডিসেম্বর।-দেশের ৮ হাজার প্রাথমিক শিক্ষক গত ৬ মাস ধরে বেতন পাচ্ছেন না। ১৯৮৬ সালে ২০৫ উন্নয়ন খাতের অধীনে এসব শিক্ষককে নিয়োগ করা হয়েছে। কিন্তু এই উন্নয়ন খাতে বাজেট বরাদ্দ না থাকায় তারা বেতন ভাতাদি পাচ্ছেন না বলে শিক্ষা বিভাগ সূত্রে জানা গেছে।

চলতি অর্থবছরের বাজেটে সরকার উন্নয়ন খাতের এই বিভাগে বরাদ্দ কমিয়ে দেয়ায় শিক্ষকরা দুর্ভোগের শিকার হন। প্রায় ৮ বছর ধরে চাকরি করার পর আকস্মিকভাবে বেতন বন্ধ হওয়ায় তারা মানবেতর জীবনযাপন করছেন। এদিকে যশোর ও নড়াইল জেলায় এধরনের শিক্ষকদের জন্য অন্যান্য শিক্ষকরা চাঁদা তুলে তাদের সংসার চালানোর ব্যবস্থা করছেন।

উল্লেখ্য, ২০৫ উন্নয়ন খাতে নিয়োগপ্রাপ্ত এসব শিক্ষক ১৩৭ রাজস্ব খাতে অন্তর্ভুক্ত হওয়ার জন্য দীর্ঘদিন ধরে আন্দোলন চালিয়ে আসছিলেন। এক পর্যায়ে সরকার তাদের আশ্বাসও দিয়েছিলেন। কিন্তু অজ্ঞাতকারণে এই প্রক্রিয়া শুরু হয়নি।

১৬

